



বিষয়: হুইসেল বোয়িং (Whistle Blowing) নীতিমালা

বাদাবন সংঘ

এপ্রিল ২০২০

১. উদ্দেশ্য

- ক. বাদাবন সংঘকে নারী অধিকার ভিত্তিক ভাল মানের সংগঠন তৈরি। এটি স্ববিশ্বাসনা বা কারো একাধিক দায়িত্ব নয়-সবার দায়িত্ব।
- খ. নীতিবোধসম্পন্ন কর্মী তৈরি করা।
- গ. সংস্থা শুধু সবার অধিকার নিয়ে কাজ করবে না। সংস্থার কর্মীকেও সংস্থার জন্য কাজ করতে হবে।
- ঘ. দায়িত্ব শুধু নিজের জন্য নয়। সংস্থার জন্যও দায়িত্ব পালন করতে হবে।
- ঙ. কর্মীকে আত্মকেন্দ্রিক নয়, সাম্যবাদী হয়ে "সবার জন্য ভালো হোক আগে, তাহলে সাথে নিজেরটাও ভাল হবে"-এ বিশ্বাস স্থাপন করা।

২. এটি একই অফিসের মধ্যে প্রযোজ্য।

৩. এ নীতিমালাটি যখন ঘটনা ঘটে বা ঘটতে পারে সেই সময়ে প্রযোজ্য। সংগঠন ছেড়ে চলে গিয়ে বা সংগঠনের ক্ষেত্র অন্যত্র গিয়ে এ রকম কথা বললে তা গ্রহণযোগ্য হবে না।
৪. একই অফিসের যার সাথে হয়তো বা কাজের সম্পর্ক নেই তার ক্ষেত্রেও এ নীতিমালাটি প্রযোজ্য।
৫. যদি দেখা যায় কোন সহকর্মী নিশ্চিতভাবে বিষয়গুলো করছেন বা করতে যাচ্ছেন তাহলে তা যেকোন মাধ্যমে সরাসরি নির্বাহী পরিচালককে জানানো হবে।
 - ক. সংগঠনের নীতিমালার বাইরে অথবা অসামাজিক, অনৈতিক, রাষ্ট্রবিরোধী, সংগঠনের বা এর ডাবমূর্তিক জন্য ক্ষতিকর কোন কিছু করছেন বা করবেন বলে সন্দেহ হচ্ছে।
 - খ. কোনও কর্মী যদি অন্য সহকর্মী বা স্টেকহোল্ডারের বাসায় নিয়মিত আসা যাওয়া করেন বা ব্যক্তিগত সম্পর্কে জড়িয়ে পড়েন বা অবৈধ সম্পর্ক গড়ে তোলেন বা কোন নীতিবিরুদ্ধ কাজ করেন।
 - গ. সংস্থার নীতিমালা বহির্ভূত কাজ করেন।
 - ঘ. কোন সহকর্মী যদি অফিসের সম্পদের ক্ষতি করেন, সম্পদ আত্মসাৎ করেন।
৬. যদি প্রমাণিত হয় যে, একই অফিসে ও একই দলে থেকে তিনি/তারা অপ্রণোদিত হয়ে উপরোক্ত বিষয়গুলো জানান নি, তাহলে ধরে নিতে হবে যে তিনি/তারা তা জেনেও জানান নি। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল কর্মীর বিরুদ্ধে কোস্ট মানব সম্পদ নীতিমালা ২০১৩ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৭. এখানে উল্লেখ্য যে যিনি এ ধরনের তথ্য প্রদান করবেন সংগঠন পর্যায়ে তারজন্য সম্পূর্ণ নিরাপত্তা প্রদান করা হবে। এ পর্যায়ে সকলকে উদ্বুদ্ধ করা হচ্ছে যাতে করে এ ধরনের পরিস্থিতি আন্দাজ বা চোখে পড়ার সাথে সাথে পরিচালক বা নির্বাহী পরিচালককে জানানো হয়ে।

লিপি রহমান
নির্বাহী পরিচালক ও সাধারণ সম্পাদক

নির্বাহী কমিটি

Lipi Rahman

Executive Director

General Secretary, Executive Committee
Badabon Sangho

গুলশান আরা

চেয়ারপার্সন

নির্বাহী কমিটি

Gulshan Ara

Chairperson

Executive Committee
Badabon Sangho